কোস্ট গার্ড সদর দপ্তর
আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

ফোন: ০১৭৬৯-৪৪০৯০১
ফ্যাক্স: ০২-৮৯৮৯১৭৬
ই-মেইল: it@coastguard.gov.bd

৪৪.০৮.২৬৮০.০০৫.০৭.০০১.২১. ৩১৭ ২৯ অক্টোবর ২০২০

**গত ১৪ অক্টোবর ২০২০ সকাল ১০০০ ঘটিকায় সদর দপ্তর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বাংলাদেশ কোস্ট গার্ড এর ইনোভেশান সংক্রান্ত কমিটির ২য় সভার কার্য বিবরণী**

সূত্রঃ

ক। কোস্ট গার্ড সদর দপ্তর পত্র নং ৪৪.০৮.২৬৮০.০০৫.০৭.০০১.২০.৪৮৬ তারিখ ১৩ ডিসেম্বর ২০২০।

১। সূত্র মোতাবেক গত **১৪ অক্টোবর ২০২০ সকাল ১০০০** ঘটিকায় বাংলাদেশ কোস্ট গার্ড এর ইনোভেশান টিমের **২য় সভা** ক্যাপ্টেন সাব্বির আহমেদ খান, (জি), পিসিজিএমএস, পিএসসি, বিএন, পরিচালক (আইটি ও যোগাযোগ) এর সভাপতিত্বে সদর দপ্তর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত কর্মকর্তাগণ অংশগ্রহণ করেনঃ

| | |
|---|---|
| ক্যাপ্টেন সাব্বির আহমেদ খান | পরিচালক, আইটি ও যোগাযোগ (ইনোভেশান অফিসার) |
| কমান্ডার এ টি এম আতিকুল্যাহ | উপ-পরিচালক, প্রকৌশল (সদস্য) |
| কমান্ডার খাজা মাসুম | উপ-পরিচালক, অপারেশান্স (সদস্য) |
| কমান্ডার আবদুল্লাহ আল মামুন | উপ-পরিচালক, গোয়েন্দা (সদস্য) |
| কমান্ডার এম লোকমান হাকিম | উপ-পরিচালক, পরিকল্পনা (সদস্য) |
| কমান্ডার এ কে এম মিজানুর রহমান | উপ-পরিচালক, আইটি ও যোগাযোগ (সদস্য সচিব) |

**স্বাগত ভাষণ**

২। সভার শুরুতেই সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানান এবং সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নাগরিক সেবা সহজিকরণ ও সুশাসন সুসংহতকরণে বাংলাদেশ কোস্ট গার্ড সদস্যদের মধ্যে উদ্ভাবন চর্চার ভূমিকা, উদ্দেশ্য, ব্যবহার ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বিষয়ে সকলকে অবহিত করেন। এছাড়া উদ্ভাবন চর্চার জন্য গঠিত ইনোভেশান টিমের কার্যপরিধি ও কার্যক্রমের বিষয়ে আলোকপাত করেন। পরবর্তীতে সভাপতি সভার আলোচ্যসূচির বিষয়ে আলোকপাত করার জন্য কমিটির সদস্য সচিবকে আহবান জানান। এতদসংক্রান্ত আলোচ্য বিষয়াদি নিম্নরূপঃ

| **আইটেম -১। কমিউনিকেশন অ্যাপস্ (সীমিত)।** | **কার্যক্রম** |
|---|---|
| ৩। কোস্ট গার্ড দক্ষিণ জোনের ইনোভেশান টিম কর্তৃক প্রস্তাবনা দেয়া হয় যে, বাংলাদেশ কোস্ট গার্ড দক্ষিণ জোন রিমোট এলাকায় হওয়ায় সকল স্টেশান, আউটপোস্ট ও জাহাজসমূহের সাথে যোগাযোগ করা অনেক কষ্ট সাধ্য। এ প্রেক্ষিতে যোগাযোগের মাধ্যম হিসেবে বর্তমানে টেলিগ্রাম এ্যাপস ব্যবহার করা হয়ে থাকে যা সুরক্ষিত নয় এবং যেখানে সকল ধরণের তথ্য আপডেট করা সম্ভব হয় না। যোগাযোগ ব্যবস্থা সহজতর করার লক্ষ্যে কোস্ট গার্ড দক্ষিণ জোনের জন্য একটি অ্যাপ্লিক্যাশন তৈরী করা যেতে পারে যার মধ্যে আবহাওয়া, স্পেশাল বুলেটিন, গুরুত্বপূর্ণ নির্দেশনা, পত্র আদানপ্রদান, অস্থায়ী বদলী, স্থায়ী বদলী, ছুটি ও অধিনায়কের আবেদন ইত্যাদি বৈশিষ্ট্যসমূহ বিদ্যমান থাকবে।<br><br>৪। **সিদ্ধান্ত।** সভাপতি বাংলাদেশ নৌবাহিনীতে এ ধরণের কোন সফট্ওয়্যার ব্যবহার হয় কিনা তা নিশ্চিত পূর্বক বিস্তারিত তথ্য গ্রহণ করতঃ উদ্যোগটি গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | পরিচালক (আইটি ও যোগাযোগ) |



Scanned by TapScanner

| | |
|---|---|
| **আইটেম-২। জাহাজের মেশিনারি সংক্রান্ত গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় তথ্যসমূহ সংরক্ষণের জন্য Machinery Information Management System তৈরীকরণ (সীমিত)।**<br>৫। কোস্ট গার্ড পশ্চিম জোনের ইনোভেশান টিম কর্তৃক প্রস্তাবনা দেয়া হয় যে, স্ব-স্ব কার্যালয়ের সেবা প্রদান প্রক্রিয়া আরও সহজতর এবং দ্রুততার সহিত সম্পন্ন করার জন্য Machinery Information Management System ডাটাবেজ প্রস্তুত করা হলে জাহাজের সকল মেশিনারিসমূহের তথ্য, রিফিট/ডকিং ইত্যাদি সংক্রান্ত তথ্য সংরক্ষণ করা সম্ভব হবে। ফলে এইসব গুরুত্বপূর্ণ তথ্যসমূহ অতি সহজেই পাওয়া যাবে এবং জরুরি প্রয়োজনে যে কোন দপ্তর/সংস্থা প্রয়োজনীয় তথ্যসমূহ সংগ্রহ করতে পারবে। সেবা প্রদান প্রক্রিয়া আরও সহজতর করে সকলের আয়ত্বে আনার লক্ষ্যে Machinery Information Management System তৈরী করা যেতে পারে। উপ পরিচালক প্রকৌশ জানান যে, বাংলাদেশ কোস্ট গার্ডে বর্তমানে ব্যবহৃত CGPMS Engineering Module এর মধ্যে উল্লেখিত তথ্যাদি বিদ্যমান রয়েছে। বিভিন্ন জোন কর্তৃক উক্ত CGRPMS এ log in হয়ে বর্ণিত সেবা গ্রহণ করা সম্ভব।<br>৬। **সিদ্ধান্ত।** CGRPMS হতে বর্ণিত তথ্যাদি/সেবা গ্রহণ করা সম্ভব বিধায় নতুন করে কোন Machinery Information Management System ডাটাবেজ তৈরীর প্রয়োজন নাই বলে সভাপতি সিদ্ধান্ত প্রদান করেন। | পরিচালক (লজিস্টিকস্) |
| **আইটেম-৩। CGRPMS সফটওয়্যার ব্যবহার বিষয়ে ট্রেনিং ক্লাসের ব্যবস্থা করা (সীমিত)।**<br>৭। কোস্ট গার্ড পশ্চিম জোনের ইনোভেশান টিম কর্তৃক প্রস্তাবনা দেয়া হয় যে, দাপ্তরিক কাজের সুবিধার্থে ইতোমধ্যে CGRPMS এর মাধ্যমে বিভিন্ন ধরণের বিল এন্ট্রির কাজ গত ২০১৭ সাল হতে চালু রয়েছে। উল্লেখ্য, CGRPMS সফটওয়্যার ব্যবহারের বিষয়ে ২০১৯ সালে সর্বশেষ ট্রেনিং ক্লাসের ব্যবস্থা করা হয়। যে সকল নাবিকগণ উক্ত ক্লাসে অংশগ্রহণ করেছে তাদের বেশিরভাগই বদলী গমণ করায় বর্তমানে জোনে উপস্থিত নাবিকগণের উক্ত সফটওয়্যার ব্যবহারের বিষয়ে প্রয়োজনীয় দক্ষতা নেই। এমতাবস্থায়, CGRPMS এর উপরে পুনরায় ট্রেনিং ক্লাসের ব্যবস্থা করা হলে তা সবার জন্য অধিক ফলপ্রসু হবে বলে প্রতীয়মান।<br>৮। **সিদ্ধান্ত।** সভাপতি বিষয়টি উদ্ভাবনী কার্যক্রমের আওয়াতাভুক্ত নয় বলে কোন কার্যক্রম গ্রহণ না করার সিদ্ধান্ত প্রদান করেন। | পরিচালক (আইটি ও যোগাযোগ) |

৯। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে অর্পিত দায়িত্বসমূহ যথাযথভাবে পালনের জন্য নির্দেশনা প্রদান করেন এবং ধন্যবাদ জ্ঞাপনকরতঃ ১২০০ ঘটিকায় সভার সমাপ্তি ঘোষনা করেন।

এ কে এম মিজানুর রহমান
কমান্ডার বিএন
পক্ষে ইনোভেশান কর্মকর্তা

বিতরণঃ
বহিস্থঃ
কার্যঃ

কমান্ড্যান্ট, সিজি বেইস অগ্রযাত্রা
জোনাল কমান্ডার পূর্ব জোন
জোনাল কমান্ডার পশ্চিম জোন
জোনাল কমান্ডার দক্ষিণ জোন
জোনাল কমান্ডার ঢাকা জোন

- ই-মেইল/ফ্যাক্সের মাধ্যমে

অন্তস্থঃ
কার্যঃ

সকল পরিদপ্তর/বিভাগ .......................
সংশ্লিষ্ট সকলকে .......................

অবগতিঃ
মহাপরিচালকের সচিবালয় - সদয় অবগতির জন্য।



Scanned by TapScanner